ঝিনাইদহে আবাদি জমিতে খাল খননের প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহ সদর উপজেলার ৫ টি গ্রামে আবাদি জমিতে খাল খননের সিদ্েধোন্তর প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

সোমবার সকালে সদর উপজেলার হামদরডাঙ্গা গ্রামের মাঠে এ কর্মসূচির আয়োজন করে স্থানীয় কৃষকরা।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে বাগডাঙ্গা, নাচনা, সুরাট, বদনপুর ও হামদরডাঙ্গা গ্রামের শত শত কৃষক-কৃষাণিরা অংশ নেয়। পরে তারা সেখান থেকে একটি বিক্ষোভ মিছিল বের করে।

মানববন্ধন কর্মসূচিতে বক্তব্য দেন কৃষক নজরুল ইসলাম, মাহবুবুর রহমান, আমিরুল ইসলাম, আব্দুল আজিজ মন্ডল, জামির হোসেন, উজ্জল মেম্বার. গোবিন্দ দাস, খোকন মিত্র, খাইরুল ইসলামসহ অনেকেই।

এ সময় তারা বলেন, ওই ৫ গ্রামের মাঝে অবস্থিত মাঠে বিএডিসি খাল খননের সিন্ধান্ত নিয়েছে। খাল খনন করা হলে আবাদি জমি নষ্ট হবে।

জমি হারিয়ে নিঃস্ব হবে গরিব কৃষক। তাই খাল খনন না করার দাবি জানান তারা। অবিলম্বে এই সিদ্ধান্ত বাতিল না হলে পরবর্তীতে বৃহত্তর আন্দোলন কর্মসূচি গড়ে তোলা হবে বলে জানান তারা।

মেহেরপুরে আজ আরও ৩ জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। তাদের মধ্যে দুই জন সদরের, একজন মুজিবনগর উপজেলার।

সোমবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৫ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে ৩

জনের। আর নেগেটিভ আসে ১১ জনের।

তিনি আরো জানান, এ পর্যন্ত সর্বমোট ফলাফল এসেছে ৪৮২৫ টি, সর্বমোট পজিটিভ ৭০৬ জন, সুস্থ ৬১৪ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৫৪ জন।

বর্তমানে মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা ২২ (সদরে-১৩, গাংনীতে- ৪ ও মুজিবনগরে- ৫) জন।

ভিন্নসূত্রে পাওয়া পজেটিভদের পরিচয়- মেহেরপুর সদরের তাঁতী পাড়ার খন্দকার মনিরুল ইসলাম(৫৯), বড় বাজারের খাইরুল আলম(৬৪), অপর জন হলেন মুজিবনগরের আনোয়ার(৫৯)।

দুই সাংবাদিকের নামে মামলায় ঝিনাইদহে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ

ঝিনাইদহের সিনিয়র সাংবাদিক আসিফ কাজল ও দৈনিক যুগান্তরের কালীগঞ্জ প্রতিনিধি শাহরিয়ার রহমান সোহাগের বিরুদ্ধে আদালতে মানহানীর অভিযোগ দায়েরের প্রতিবাদে সোমবার জেলা শহরসহ বিভিন্ন স্থানে মানববন্ধন ও সমাবেশ করেছে সাংবাদিকদের বিভিন্ন সংগঠন। সোমবার সকাল ১০টায় ঝিনাইদহ শহরের চুয়াডাঙ্গা বাসষ্ট্যান্ডে প্রেরণা-৭১ (মুজিব) চত্বরে নিউজ ঝিনাইদহ পরিবার এই কর্মসুচির আয়োজন করে। মানববন্ধন শেষে আয়োজিত এক প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন নিউজ ঝিনাইদহের উপদেষ্টা রাইসুল ইসলাম আসাদ, বাংলাদেশ বেতারের কোরবান আলী, দৈনিক মাথাভাঙ্গা পত্রিকার ঝিনাইদহ ব্যুরো প্রধান জাহিদুর রহমান তারেক, অগ্নিশিখা পত্রিকার জেলা প্রতিনিধি আব্দুস সালাম, জাহিদুল হক বাবু, অনলাইন পত্রিকা আরডিসির প্রতিনিধি টুটুল হোসেন, দৈনিক অগ্রযাত্রা পত্রিকার আশরাফুল ইসলাম শাকিল, দৈনিক আদর্শ বানী পত্রিকার নাহিদ হাসান বিজয়, মাদার তেরেসা ব্লাড ব্যাংক ফাউন্ডেশনের তারেক মাহমুদ জয় ও হেব্বি গ্রুপের জাহান লিমন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নিউজ ঝিনাইদহ

পত্রিকার সম্পাদক আলিফ আবেদীন গুঞ্জন। সাংবাদিকদের এই মানবন্ধন কর্মসুচিতে সাধারণ মানুষও অংশ গ্রহন করে মিথ্যা মামলার প্রতিবাদ জানান। উল্লেখ্য কালীগঞ্জ অগ্রনী ব্যাংকের ঋণ জালিয়াতির ঘটনা নিয়ে পত্রিকায় তথ্য ভিত্তিক সংবাদ প্রকাশিত হলে ঝিনাইদহের সিনিয়র সাংবাদিক আসিফ কাজল ও যুগান্তরের কালীগঞ্জ প্রতিনিধি শাহরিয়ার রহমান সোহাগের বিরুদ্ধে অগ্রনী ব্যাংকের সাময়িক বরখাস্তকৃত ক্যাশ অফিসার আব্দুস সালাম ও চাকরীচ্যুত মাঠকর্মী আজির আলী গত ১৬ নভেম্বর আদালতে মামলার জন্য অভিযোগ দায়ের করেন। তার আগে ব্যাংকটির ম্যানেজার শ্রী শৈলেন বিশ্বাসসহ ৩ জনকে বরখাস্ত করে ব্যাংক কর্তৃপক্ষ। ঋন জালিয়াতির খবর মিডিয়ায় প্রকাশিত হলে দায়ী ব্যক্তিরা ব্যাংকের ক্যাশে বিভিন্ন সময় ২৭ লাখ টাকা ফেরৎ দেন। তাছাড়া এ পর্যন্ত অডিটে প্রায় ৯০ লাখ টাকার ঘাপলা ধরা পড়েছে। অডিট এখনো চলমান। এদিকে সাময়িক বরখাস্তকৃত ম্যানেজার শৈলেন বিশ্বাস, ক্যাশ অফিসার আব্দুস সালাম ও চাকরীচ্যুত মাঠকর্মী আজির আলীকে দেশত্যাগে নিষেধাজ্ঞা জারি করেছে ব্যাংকের প্রধান কর্যালয়।

হরিণাকুন্ডুতে এক কৃষকের সহায় সম্বল সটসার্কিটের আগুনে ভস্মীভূত

এক সময় পরিবারটির সব ছিল। গোলা ভরা ধান গোয়াল ভরা গরু। অসহায় মানুষ সাহায্য চাইতে আসলে তারা সাহায্য দিতেন। কিন্তু পরিবারটি এখন নিজেই নিঃস্ব। পরণের কাপড় ছাড়া সব পুড়ে গেছে সর্বনাশা আগুনে। এক সময় অন্যের সাহায্য করা পরিবারটি এখন বাঁচার জন্য অন্যের কাছে হাত পাততে হচ্ছে। আগুনে ক্ষতি হয়েছে প্রায় ৬/৭ লাখ টাকা। ঘটনাটি সোমবার সকাল সাড়ে ১০টায় ঘটেছে হরিণাকুন্ডু উপজেলার কাপাশহাটিয়া ইউনিয়নের দারিয়াপুর গ্রামে। গ্রামের আক্কাচ আলী মন্ডলের ছিল পরিপাটি সংসার। সোমবার সকালে পল্লীবিদ্যুতের লাইনে আকস্মিক ভাবে সটসার্কিটের আগুন চড়িয়ে পড়ে গোটা বাড়িতে। একে একে প্রতিটি ঘরে আগুন ধরে যায়। আগুনের লেলিহান শিখায় পরণের কাপড় ছাড়া পরিবারটির সব কিছুই পুড়ে গেছে। পরিবারটির স্বজন মাজেদুর রহমান জানান, আগুনে

পান বিক্রি করে ঘরে রাখা মুকল, বকুল ও আক্কাচ আলীর নগদ দুই লাখ টাকাসহ আনুমানিক ৬/৭ লাখ টাকার ক্ষতি হয়েছে। খবর পেয়ে বেলা সাড়ে ১১টার দিকে হরিণাকুন্ডু ফায়ার সার্ভিস ঘটনাস্থলে পৌছায়। ততক্ষনে আগুনে পরিবারটির সহায় সম্বল পুড়িয়ে ভস্ম করে দেয়। এ ব্যাপারে ঝিনাইদহ ফায়ার ষ্টেশন অফিসার সুমন আলী জানান, পল্লী বিদ্যুতের সটসার্কিটের মাধ্যমে আগুনের সুত্রপাত হয়। খবর পেয়ে আমরা পরিবারটির ৫ লাখ টাকার সম্পদ উদ্ধার করতে পেরেছি। তিনি বলেন রাস্তা খারাপ হওয়ার কারণে বড় গাড়ি নিয়ে ঘটনাস্থলে পৌছাতে একটু দেরি হয়েছে।

ঝিনাইদহে কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ’র সাধারণ সভা অনুষ্ঠিত

“মানুষের জন্য মানুষ” এই শ্লোগানে ঝিনাইদহ সদর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ’র ৯ম বার্ষিক সাধারণ সভা-২০২০ অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকাল ১১টায় ঝিনাইদহ প্রেসক্লাব অডিটরিয়ামে এই সভা অনুষ্ঠিত হয়। সদর উপজেলা শিক্ষক কর্মচারী কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ’র চেয়ারম্যান কৃপা সিন্ধু বিশ্বাস এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সদর উপজেলা সমবায় অফিসার জাফর ইকবাল। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কাল্বের ঝিনাইদহ, মাগুরা জেলার দায়িত্ব প্রাপÍ জেলা ব্যবস্থাপাক জুড গমেজ, ভাইস চেয়ারম্যান ফজলুর রহমান, সাধারণ সম্পাদক শাহাদৎ হোসেন, সহকারী অধ্যাপক কে এম সালেহ, প্রভাষক শাহানুর আলম। এছাড়াও উপস্থিত ছিলেন ট্রেজারার শরিফুল ইসলাম, ডিরেক্টর ছালফিন আরা, আমির হোসেন প্রমূখ। অনুষ্ঠান পরিচালনা করেন সংস্থার উপজেলা ম্যানেজার আব্দুর রাজ্জাক। সভায় বক্তারা বলেন মানুষের আত্ম-সামাজিক জীবন মান উন্নয়নে সমবায়ের বিকল্প নেই। উপস্থিত সকলকে সমবায়ের মাধ্যমে বেশী বেশী সঞ্চয় ও তা বিনিয়োগের উপর গুরুত্বারোপ করেন।
আলোচনা শেষে উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট

ইউনিয়ন লিঃ এর ভাইস চেয়ারম্যান ফজলুর রহমান প্রতিষ্ঠানের বাৎসরিক আয়-ব্যয়, লভ্যাংশের পরিমান ও ভবিষ্যত কর্ম পরিকল্পনা তুলে ধরেন এবং তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

কুষ্টিয়া চিনিকলে ২১ কোটি টাকার চিনি অবিক্রীত

কুষ্টিয়া চিনিকলে উৎপাদিত প্রায় ২১ কোটি টাকার অবিক্রীত চিনি ও চিটাগুড় গোডাউনে পড়ে রয়েছে। গত মৌসুমে উৎপাদিত এসব চিনি দীর্ঘদিন গোডাউনে পড়ে থাকায় সিংহভাগ চিনির গুণগত মান নষ্ট হওয়ার পাশাপশি বিশাল অঙ্কের অবিক্রীত এই চিনি নিয়ে মিল র্কর্তৃপক্ষ পড়েছে চরম বিপাকে।

চিনি বিক্রি করতে না পারায় মিলের কর্মকর্তা-কর্মচারীদের বকেয়া বেতন-ভাতাদিসহ আনুষঙ্গিক খরচ মেটানো সম্ভব হচ্ছে না। তাছাড়া আখ চাষীদের বকেয়া কয়েক কোটি টাকাও পরিশোধ করা যাচ্ছে না। মিল কর্তৃপক্ষের কাছে আখ চাষীদের বকেয়া রয়েছে ৩ কোটি ২০ লাখ টাকা।

জানা যায়, ২০১৯-২০ আখ মাড়াই মৌসুমে মোট উৎপাদিত চিনির মধ্যে বর্তমানে ২ হাজার ২৬ মেট্রিক টন চিনি ও ২ হাজার ৩শ’ ৯৬ মেট্রিক টন অবিক্রীত চিটাগুড় মিলের গোডাউনে মজুদ রয়েছে। অবিক্রীত ওই চিনির বাজার মূল্য প্রায় ১৬ কোটি ৩৬ লাখ টাকা এবং চিটাগুড়ের বাজার মূল্য প্রায় ৫ কোটি টাকা।

মজুদকৃত চিনি ও চিটাগুড় বিক্রি না করতে না পারায় আর্থিক টানাপোড়েন ও সঙ্কটে পড়েছে মিলের শ্রমিক-কর্মচারীরা। ৫/৬ মাসের বকেয়া বেতন না পেয়ে শ্রমিক-কর্মচারীরা দিনযাপন করছেন অতিকষ্টে। এদিকে ডিসেম্বর মাসের শেষদিকেই শুরু হচ্ছে মিলের ’২০-২১ মাড়াই মৌসুম। ফলে আসন্ন মৌসুমে উৎপাদিত নতুন গুদামজাত করতে গোডাউনে সংরক্ষিত গত মৌসুমের চিনি বিক্রি জরুরী হলেও ক্রেতার অভাবে কর্তৃপক্ষ তা বিক্রি করতে পারছে না।

মিলের ডিলাররাও চিনি উত্তোলন করছে না। কুষ্টিয়া চিনিকলে উৎপাদিত

চিনি সংরক্ষণের জন্য ৬শ’ ৫০ মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন দুটি গোডাউন রয়েছে। তবে গত মৌসুমের চিনি এখনও অবিক্রীত ও গোডাউনে মজুদ থাকায় আসন্ন মাড়াই মৌসুমের উৎপাদিত চিনি গোডাউনজাত করতে স্থান সংকুলানে সঙ্কটে পড়তে হতে পারে বলে মিলের কর্মকর্তারা আশঙ্কা প্রকাশ করেন।

চিনিকল আখ চাষী কল্যাণ সমিতির সদস্য আব্দুর রহিম জানান, নানা জটিলতা ও প্রতিবন্ধকতার কারণে চাষীরা আখ চাষে উৎসাহ হারাচ্ছে। মিল জোন এলাকায় আগের তুলনায় আখ চাষ কমেছে। চাষ কমে যাওয়ায় মাড়াই মৌসুমে মিলে আখের যোগান কমছে। ফলে দেশীয় চিনির সামগ্রিক চিনি উৎপাদনও হ্রাস পাচ্ছে।

মিলের ব্যবস্থাপনা পরিচালক মোঃ রাকিবুর রহমান খান জানান, অবিক্রীত চিনি ও চিটাগুড় বিক্রির চেষ্টা চলছে। অতি অল্প সময়ের মধ্যেই এ সমস্যা নিরসন হবে বলে তিনি জানান।

কুষ্টিয়ায় কিশোর অপরাধী নিবিড় আটক

কুষ্টিয়াতে ভয়ঙ্কর হয়ে উঠছে কিশোর অপরাধ। তারা জড়িয়ে পড়ছে নানা অপরাধমূলক কর্মকাণ্ডে। এ অবস্থায় কিশোর অপরাধের বিরুদ্ধে সাঁড়াশি অভিযান শুরু করেছে কুষ্টিয়া পুলিশ।

রবিবার সন্ধ্যার দিকে কুষ্টিয়া ল কলেজের সামনে থেকে এস আই সুমন কাদেরী, এস আই সাহেব আলী ও এস আই জুবায়ের ও ফোর্স সহযোগিতায় রাতুল হাসান নিবিড় (১৭)কে আটক করেন কুষ্টিয়া মডেল থানার পুলিশ।

আটককৃত রাতুল হাসান নিবিড় থানাপাড়া এলাকার মামনুর রহমান সেন্টুর ছেলে।

কুষ্টিয়া মডেল থানার অফিসার ইনচার্জ আবুল কালাম বলেন, কিশোর অপরাধের সদস্যরা পাড়া-মহল্লার প্রভাবশালী, মস্তান বা বড়ভাইদের হয়ে সন্ত্রাসীমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ছে। তারা একসঙ্গে

মাদকসেবন, নারীদের উত্ত্যক্ত করাসহ ছোট-ছোট ঘটনাকে কেন্দ্র করে মারামারি ও ঝগড়া-বিবাদে জড়িয়ে পড়ছে।

এসব ক্ষেত্রে অনেক সময় খুন-ধর্ষণের মতো ঘটনাও ঘটছে। এছাড়া তারা অপরাধ করার পরিকল্পনার অংশ হিসেবে বিভিন্ন গ্রুপ তৈরি করে নিজেদের মধ্যে যোগাযোগ স্থাপন করছে এবং পরিকল্পনা করছে।

এমন পরিস্থিতিতে কুষ্টিয়া পুলিশ সুপার এস এম তানভীর আরাফাত নির্দেশে কিশোর অপরাধীদের বিরুদ্ধে সাঁড়াশি অভিযান শুরু করেছে। এ কার্যক্রমের অংশ হিসেবে শুক্রবার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে চারজনকে আটক করা হয়। পরে তাদেরকে আদালতে প্রেরণ করলে আদালত তাদেরকে জামিন প্রদান করেন।

এ বিষয়ে পুলিশ সুপার এস এম তানভীর আরাফাত বলেন, এ ধরনের অভিযান চলমান থাকবে। কিশোর অপরাধের সদস্যরা অন্য কোনো অপরাধের সঙ্গে জড়িত থাকার প্রমাণ পাওয়া গেলে তাদের বিরুদ্ধে প্রচলিত আইনে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য যে, কিশোর অপরাধের প্রধান রাতুল হাসান নিবিড় নেতৃত্বে গত ১২ তারিখে স্কুল ছাত্র হৃদয় কে কুপিয়ে আহত করেছিল। এ বিষয় তাদের নামে থানায় মামলা হয়। যার মামলা নং- ২৮, তারিখ-১২-১১-২০২০।

কুমারখালী থেকে অপহৃত স্কুল ছাত্রীকে উদ্ধার: আটক ১

কুষ্টিয়ার কুমারখালী থেকে অপহৃত স্কুল ছাত্রীকে অপহরণের আটদিন পর ঠাকুরগাঁও রাণীশংকৈল থানা এলাকা থেকে উদ্ধার করেছে পুলিশ।

এ সময় অপহরণকারী শ্রী সনাতন বর্মনকে (২০) গ্রেফতার করা হয়। শনিবার কুমারখালী থানার এসআই ফোর্স সাথে নিয়ে অপহৃতকে উদ্ধার ও অপহরণকারীকে আটক করেন।

উদ্ধারকৃত স্কুল ছাত্রী কয়া ইউনিয়নের বাসিন্দা ও দশম শ্রেণির ছাত্রী।

অপহৃতের পারিবারিক ও পুলিশ সূত্রে জানা যায়, গত ১৩ নভেম্বর ভোরে ওই ছাত্রী কোচিং ক্লাস করার জন্য বাড়ি থেকে বের হয়ে আর ফিরে না আসলে খোঁজাখুঁজির একপর্যায়ে কুমারখালী থানায় সাধারণ ডায়েরি করা হয়।

পরবর্তীতে তারা জানতে পারেন ১৩ নভেম্বর ঘটনার দিন ঐ ছাত্রী সাড়ে ছয়টার দিকে কয়া ডিগ্রী কলেজের কাছে পৌঁছায়। এ সময় ঠাকুরগাঁও জেলার রাণী শংকৈল থানার রাণী ভবানীপুরের শ্রী মনোরঞ্জন রায়ের ছেলে শ্রী বাদল রায়, চাঁদনী মহলবাড়ির ইসলাম উদ্দিনের ছেলে আবু হানিফ ও রাণী ভবানীপুরের লেহেম্বা ইউপির শ্রী আমানন্দ বর্মনের ছেলে শ্রী সনাতন বর্মন তাকে জোড়পূর্বক অপহরণ করে মাইক্রোবাসে তুলে নিয়ে যায়।

২০ নভেম্বর অপহৃতের পিতা আহাম্মদ আলী বাদী হয়ে কুমারখালী থানায় মামলা দায়ের করেন। ঘটনার আট দিন পর ২১ নভেম্বর শনিবার ঠাকুরগাঁও জেলার রাণী শংকৈল থানার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে অপহৃত স্কুল ছাত্রীকে উদ্ধার ও অপহরণকারীকে গ্রেফতার করে।

কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মজিবুর রহমান বলেন, তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে তাদের লোকেশন চিহ্নিত করে মেয়েটিকে উদ্ধার ও একজন অপহরণকারীকে আটক করা হয়। গ্রেফতারকৃতকে আদালতে সোপর্দ করা হয়েছে।

কুষ্টিয়ায় বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতি সভা

কুষ্টিয়ায় “মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতি মূলক সভা” অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (২২ নভেম্বর) কুষ্টিয়া জেলা প্রশাসনের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতি মূলক সভায় সভাপতিত্ব

করেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোঃ আসলাম হোসেন।

জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক আজগর আলী, জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার হাজী রফিকুল আলম টুকুসহ জেলা প্রশাসনের সকল কর্মকর্তাবৃন্দ, জেলা পর্যায়ের বিভিন্ন দপ্তর প্রধান, জনপ্রতিনিধিবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ এ সময় উপস্থিত ছিলেন।

সভায় যথাযোগ্য মর্যাদায় বিজয় দিবস উদযাপনে কর্মসূচি প্রণয়নে করণীয় বিষয়ে উপ-কমিটি গঠন নিয়ে আলোচনা ও মতামত গ্রহণ করেন।

দামুড়হুদায় মুহুরি আলমগীরের দুর্নীতির শেষ কোথায়?

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা সাব-রেজিস্টারের অফিসের মুহুরি আলমগীরের বিরুদ্ধে ভুয়া দলিল ও জালিয়াতি করে জমির নাম খারিজ করে জমি বিক্রয়ের অভিযোগ উঠেছে।

ঘটনাস্থলে গিয়ে জানা জায়, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাদিপুর গাং পাড়া গ্রামের নিকবার আলীর ছেলে ফারজুল ইসলাম জমি ক্রয় করে একই ইউনিয়নের তারিনী পুর গ্রামের মসলেম মুহুরির ছেলে আলমগীরের মাধ্যমে। ডুগডুগী গ্রামের সোহরাব হোসেনের স্ত্রী রওশনারা কাছ থেকে মোট ৮ কাঠা ৪ গুন্ডা জমি ক্রয় করেন, দাম ৫৭লক্ষ টাকা, কিন্তু ওই দাগে রওশনারার মোট ৩ কাঠা জমি ছাড়া আর কোন জমি েইন। তবে কি ভাবে মুহুরি আলমঙ্গীর ৮ কাঠা ৪ গুন্ডা জমির নাম খারিজ করে জমি রেজিস্টি করে দিলো।

ভুক্তভোগী নিকবার আলী বলেন, তারিনী পুর গ্রামের মসলেম মুহুরির ছেলে আলমগীর মুহুরির মাধ্যমে ডুগডুগী গ্রামের সোহরাব হোসেনের স্ত্রী রওশনারার কাছ থেকে গত ১১/১১/২০২০ইং তারিখে ৮ কাঠা ৪ গুন্ডা জমি ক্রয় করি। জমির দাগ নং ৬৬৭৩/২০, এখন দেখতে পাচ্ছি রওশনারার মোট জমি আছে ৫ কাঠা, জমির দলিলও জাল। নাম খারিজও করেছে

চিটারী করে, আমার প্রায় ১০ লক্ষ টাকা ক্ষতি হয়েছে।

আমি মূর্খ মানুষ লেখা পড়া জানিনা মুহুরি আলমঙ্গীরের নিজের ছেলের মত ভাবতাম, আমি কখনও ভাবিনি আলমগীর আমার সাথে এই ধরনের চিটারী বাটপারী করবে। আমি এই অন্যায়ের বিচার চাই।

মুহুরি আলমগীরের মত চিটার বাটপারের কারণে আমার অনেক ক্ষতি হয়েছে, আর যেন কারো এমন ধরনের ক্ষতি না হয়। আমি বাটপার আলমগীরের নামে মামলা করবো। আমি দামুড়হুদা উপজেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছি বাটপার আলমগীরের লাইসেন্স বাতিল করে আইনগত ব্যবস্থা নেয়া হোক।